154

তারিখ 21 MAY 1997
পৃষ্ঠা: ১৬ কলাম ১

দৈনিক ইত্তেফাক

## নকল প্রতিরোধের কারণে শিক্ষিকা বহিষ্কৃত ॥ শিক্ষক প্রহৃত

শ্রীমংগল সংবাদদাতা ॥ শ্রীমংগল সরকারী কলেজে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নকল প্রতিরোধের কারণে একজন শিক্ষিকাকে কেন্দ্র হইতে বহিষ্কার এবং অন্য একজন শিক্ষক প্রহৃত হইয়াছেন। পরীক্ষা কেন্দ্রে অবনতিশীল পরিস্থিতিতে এবং শিক্ষকদের প্রাণনাশের হুমকির মুখে কলেজের একাডেমিক কাউন্সিল গতকাল মঙ্গলবার এক সভায় মিলিত হইয়া নিরাপত্তাজনিত কারণে পরবর্তী পরীক্ষা গ্রহণ হইতে বিরত থাকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

কলেজ ও পুলিশসূত্র জানায়, গত সোমবার সকালের পরীক্ষা শুরু হওয়ার মুহূর্তে কয়েকজন তরুণ কলেজের শিক্ষিকা ফরজানা ইসলামকে কেন্দ্র হতে বাহির করিয়া দেয়। ইহার পর সরকারী কলেজের

(১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### নকল প্রতিরোধের

(শেষ পৃঃ পর)

শিক্ষক সালেহ আতাহার খানকেও তাহারা কেন্দ্র হইতে বাহির হইয়া যাইতে বলে। সন্ধ্যায় শহরের হবিগঞ্জ সড়কে কলেজের ভাইস প্রিন্সিপালসহ রিক্সাযোগে যাওয়ার সময় সালেহ আতাহার খানকে জনৈক বহিস্কৃত ছাত্রের নেতৃত্বে কয়েকজন তরুণ বেদম প্রহার করে। এই ব্যাপারে সালেহ আতাহার খান শ্রীমংগল থানায় মামলা দায়ের করিয়াছেন।